

Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 21 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে নির্মমভাবে হত্যার প্রতিবাদ এবং বিচারের দাবিতে মানববন্ধন ও প্রতিবাদ মিছিল করেছে সাধারণ শিক্ষার্থীরা।

সোমবার (২১ এপ্রিল) সকাল ১১টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের শহীদ আব্দুল কাইয়ুম চত্বরে (গোল চত্বরে) এ মানববন্ধন ও প্রতিবাদ মিছিল অনুষ্ঠিত হয়।

প্রতিবাদ মিছিলে শিক্ষার্থীরা "জ্বালো রে জ্বালো, আগুন জ্বালো", "বিচার চাই, বিচার চাই", "পারভেজ হত্যার বিচার চাই", "ফাঁসি চাই, ফাঁসি চাই", "সন্ত্রাসীদের ফাঁসি চাই"—এমন নানান স্লোগানে দিতে থাকেন শিক্ষার্থীরা। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. মাসুম বিল্লাহর সঞ্চালনায় মানববন্ধনটি পরিচালিত হয়।

মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের শিক্ষার্থী মুজাহিদুল ইসলাম বলেন, 'আমাদের ভাই পারভেজ কে ঠুনকো অজুহাতে হত্যা করা হয়েছে, যা একটি স্বাধীন দেশে কখনো কাম্য নয়। পারভেজের জায়গায় আমি, আপনি থাকতে পারতাম। এই ঘটনা সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছি। যারা এই নির্মম হত্যাকাণ্ডে জড়িত তাদের দ্রুত বিচার নিশ্চিত করতে হবে।

বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. মাসুম বিল্লাহ

বলেন, 'আজ আমরা এখানে যে কারণে একত্রিত হয়েছি, সেটি অত্যন্ত বেদনাদায়ক। আমাদের ভাই, প্রাইম এশিয়ার শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে নির্মমভাবে হত্যা করা হয়েছে। সে একজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী—আমরা তাকে আমাদের ভাই হিসেবেই দেখি। তার বাবার আত্ননাদ আমাদের হৃদয়কে ব্যথিত করেছে। আমরা এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের দ্রুততম সময়ে সুষ্ঠু তদন্তের মাধ্যমে বিচারের আওতায় আনার দাবি জানাই।'

বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের ২০১৭-১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মো. হান্নান রহিম বলেন, 'গতপরশু যে নির্মম হত্যাকাণ্ডে জাহিদুল ইসলাম পারভেজ নিহত হয়েছেন, আমরা তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। এই হত্যাকাণ্ডের সঙ্গে যারা জড়িত, আমরা তাদের সর্বোচ্চ শাস্তি—ফাঁসির দাবি জানাচ্ছি। পাশাপাশি, এই ঘটনার সঙ্গে যেসব মেয়েদের নাম উঠে আসছে, তাদের ক্ষেত্রেও আমরা একইভাবে সর্বোচ্চ শাস্তি, অর্থাৎ মৃত্যুদণ্ডের দাবি জানাই।'

তিনি আরো বলেন, 'এই ঘটনায় জড়িত ব্যক্তি যেই হোক না কেন—সে ছাত্রদল, ছাত্রশিবির কিংবা বৈষম্যবিরোধী কোনো সংগঠনের সদস্য হোক না কেন, তাকে দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে।'

হত্যা মানববন্ধন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 19:43

URL: <https://timestodaybd.com/campus/1190775807>